৪.৩ WKF র‍্যাংকিং এর প্রভাব নেই এরকম প্রতিযোগিতার জন্য বিচারকের সংখ্যা ৫ জন করা যেতে পারবে। সেক্ষেত্রে সর্বোচ্চ প্রাপ্ত নম্বর ও সর্বনিম্ন নম্বরটি বাদ দিতে হবে।

4.3 The same panel of Judges must be deployed for all Competitors in a group for any single round - or group in Round-robin.

৪.৩ একটি গ্রুপের একটি পূর্ণ রাউন্ডে বা রাউন্ড-রবিন পদ্ধতির ক্ষেত্রে একটি গ্রুপের খেলায় একই জাজ প্যানেল থাকবে।

4.4 For medal bouts, none of the Judges may have the same nationality, as the competitors or have any other kind of conflict of interest such as same country of residency, family ties including in-laws or athlete/coach relationship.

4.5 মেডেল বাউটের ক্ষেত্রে প্রতিযোগীদের সাথে কোন বিচারকদেরই একই জাতীয়তা অথবা অন্য কোন প্রকার সংশ্লিষ্টতা, যেমন: একই বসবাসকারী দেশ, আত্মীয়, বৈবাহিক সূত্রে আত্মীয় বা কোচ/প্রশিক্ষণার্থী সম্পর্ক ইত্যাদি থাকতে পারে না।

4.6 For each mat, one Judge is designated as the Chief Judge and will assume the lead in conducting any required communication with the Software technician and handle any unanticipated issue among the Judges.

৪.৬ প্রতিটি ম্যাটের জন্য, একজন জাজকে, চীফ জাজ হিসাবে মনোনীত করা হবে এবং তিনি সফটওয়্যার টেকনিশিয়ান সাথে প্রয়োজনীয় যোগাযোগের দায়িত্ব গ্রহণ করবেন এবং জাজদের মধ্যে যে কোন অপ্রত্যাশিত সমস্যা উদ্ভব হলে তা সমাধান করবেন।

4.7 Judges-deployment and panel allocation for the eliminatory rounds: The RC Secretary will facilitate to the Software technician handling the electronic drawing system a list containing the Judges available per Tatami. This list is done by the RC Secretary once the Competitors draw is finished and at the end of the Referees' briefing. This list must only contain Judges present at the briefing and must comply with the above-mentioned criteria. Then for the Judges' draw the Software Technician will enter the list in the system and seven Judges out of each Tatami deployment will be randomly selected as judging panel.

৪.৭ রেফারী ও জাজগন নিয়োগ এবং প্যানেল বন্টনঃ রেফারী কমিশন সেক্রেটারী ম্যাট সমূহে বরাদ্দ দেয়ার জন্য হাতে থাকা রেফারীদের তালিকা ইলেকট্রনিক ড্রয়িং সিস্টেম পরিচালনাকারী সফটওয়্যার অপারেটরের কাছে হস্তান্তর করবেন। প্রতিযোগীদের ড্র শেষ হয়ে গেলে এবং রেফরী ব্রিফিং এর শেষে রেফারী কমিশন সেক্রেটারী এই তালিকা তৈরি করবেন। তালিকায় সেই সকল রেফারীদের নাম থাকবে কেবলমাত্র যারা রেফারী ব্রিফিং এ উপস্থিত ছিল এবং অবশ্যই পূর্ববর্তী অনুচ্ছেদ বর্ণিত মানদন্ড অনুসরন করতে হবে। তৎপরবর্তীতে, সফটওয়্যার অপারেটর সকল নামের তালিকা সফটওয়্যারে প্রবেশ করাবে এবং প্রত্যেক ম্যাট থেকে দেয়া তালিকা থেকে ৭ জনের নাম দৈবচয়ন পদ্ধতিতে বহাল রেখে প্রতি বাউটের জন্য রেফারী প্যানেল মনোনয়ন দিবে।

4.8 For medal performances the Tatami Managers will provide the RC Chairman and the RC Secretary with a list containing available officials from their own Tatami after the last performance of the eliminatory round is finished. Once the list is approved by the RC Chairman, it will be given to the Software Technician for it to be entered into the system. The system will then randomly allocate the Judging panel, which will only contain the seven Judges.

৪.৮ Elemination Round এর শেষ বাউটের খেলা শেষ হবার পরপ্রত্যেক TATAMI MANAGER, তার ম্যাটে উপস্থিত রেফারী অফিসিয়ালদের নামের তালিকা রেফারী কমিশন চেয়ারম্যান ও সেক্রেটারীর কাছে জমা দিবে। উক্ত তালিকা রেফারী কমিশন চেয়ারম্যানের দ্বারা অনুমোদিত হবার পর তা সফটওয়্যার অপারেটরের নিকট হস্তান্তর করা হয়।অপারেটর সকল নামের তালিকা সফটওয়্যারে প্রবেশ করাবে এবং প্রত্যেক ম্যাট থেকে তালিকা থেকে ৭ জনের নাম দৈবচয়ন পদ্ধতিতে বহাল রেখে প্রতি বাউটের জন্য রেফারী প্যানেল মনোনয়ন দিবে।

4.9 In addition to the Software Technician, and the Announcer of results - for team competitions, the panel for medal rounds are also assisted by a Timekeeper keeping track of the maximum performance time.

৪.৯ দলগত ইভেন্টের মেডেল বাউটে সফটওয়্যার টেকনিশিয়ান এবং ফলাফল ঘোষকের পাশাপাশি পারফর্মেন্সের মোট সময়ের হিসাব রাখার জন্য একজন টাইমকিপারের সহযোগীতা নেয়া হয়ে থাকে।

4.10 As found expedient, the Announcer and the Software Technician operating the electronic judging system may be the same person.

৪.১০ কাজের সুবিধার্থে ফলাফল ঘোষক এবং ইলেক্ট্রনিক বিচার ব্যবস্থা পরিচালনাকারী সফটওয়্যার প্রযুক্তিবিদ একই ব্যক্তি হতে পারে।

4.11 Furthermore, the organisers have to provide Runners for each competition area familiar with the WKF Kata list to collect and record the chosen Kata of the Competitors before each round and bring the listing to the Software technician. The Tatami Manager is responsible for overseeing the operation of the Runner(s).

৪.১১ এ ছাড়া আয়োজকরা - কাতা লিস্ট সম্পর্কে ধারণা আছে এ রকম কোন ব্যক্তিকে ”রানার” মনোনয়ন করবে যিনি প্রতি রাউন্ডের শুরুতে প্রতিযোগিদের উক্ত রাউন্ডে করার জন্য নির্ধারিত কাতার নাম রেকর্ড করে সফটওয়্যার টেকনিশিয়ানের কাছে জমা দিবে। রানারের এর কাজ তত্তাবধানের দ্বায়িত্ব হলো Tatami manager এর।

## ARTICLE 5: SCORING অধ্যায় ৫: স্কোরিং

**5.1 Official Kata list**

৫.১ অফিশিয়াল কাতা লিস্ট

5.1.1 Only Kata from the WKF official Kata list may be performed. The official kata list is found in APPENDIX 1.

৫.১.১ কেবল মাএ অফিসিয়াল কাতা লিস্ট থেকেই কাতা করতে হবে যা পরিশিষ্ট ১ এ পাওয়া যাবে

5.1.2 Names of some Kata are duplicated due to the variations customary in spelling in Romanization. In several instances a Kata may be known under a different name from style (Ryu-ha) to style - and in exceptional instances an identical name may in fact be a different Kata from style to style.

৫.১.২ অফিশিয়াল কাতা লিস্টে কিছু কিছু কাতার নাম ভাষাগত বৈশিষ্ঠের কারনে দ্বিরুক্ত হয়েছে। বেশ কয়েক ক্ষেত্রে একই কাতা স্টাইল/রিউ-হা ভেদে ভিন্ন ভিন্ন নামে এসেছে এবং ব্যাতিক্রমী ক্ষেত্রে স্টাইলভেদে একই নাম বিশিষ্ট ভিন্ন ভিন্ন কাতাও পাওয়া যাবে।

**5.2 Assessment**

**৫.২ মূল্যায়ন পদ্ধতি**

5.2.1 The performance is evaluated from the bow starting the Kata until the bow ending the Kata except for team medal matches, where the performance, as well as the timekeeping starts at the bow in the beginning of the Kata and ends when the performers bow after completing the Bunkai.

৫.২.১ কাতার পারফর্মেন্স এর মূল্যায়ন শুরু হয় যখন কাতার শুরুতে bow করা হয় এবং শেষ হয় যখন কাতা পারফর্মেন্স এর শেষে bow করা হয়। তবে ব্যতিক্রম হলো দলগত কাতার মেডেল বাউটে যেখানে কাতার পারফর্মেন্স এর মূল্যায়ন শুরু হয় যখন কাতার শুরুতে bow করা হয় এবং শেষ হয় যখন Bunkai পারফর্মেন্স এর শেষে bow করা হয়।

5.2.2 Slight variation as taught by the Competitor's style (Ryu- Ha) of Karate will be permitted.

৫.২.২ প্রতিযোগীদের কারাতে স্টাইল (Ryu- Ha) অনুসারে কাতার সামান্য variation/ পরিবর্তন অনুমোদনযোগ্য।

**5.3 Point system**

**৫.৩ পয়েন্ট প্রদান পদ্ধতি**

5.3.1 Performances are given a score using a scale from 5.0 to 10.0 in increments of 0.1 - where 5.0 represents the lowest score possible for a Kata that is accepted as performed - and 10.0 represents a perfect performance. A disqualification is indicated by a 0.0 score.

৫.৩.১ স্কোর প্রদানের সর্বনিম্ন সীমা হয় ৫.০ এবং সর্বোচ্চ সীমা হয় ১০.০ এবং প্রতিক্ষেত্রে ০.১ বা তার গুণিতক হিসেবে স্কোর বাড়ানো হয়। ৫.০ হচ্ছে সর্বনিম্ন স্কোর এবং ১০.০ হচ্ছে সর্বোচ্চ সম্ভাব্য স্কোর । কিন্তু অযোগ্য হিসেবে বিবেচিত হলে স্কোর হবে ০.০।

5.3.2 The system will eliminate the highest and lowest scores.

৫.৩.২ সফটওয়্যার সিস্টেম প্রদত্ত সর্বোচ্চ দুটো নম্বর এবং সর্বনিম্ন দুটো নম্বর বাদ দিবে।

| JUDGE 1 | JUDGE 2 | JUDGE 3 | JUDGE 4 | JUDGE 5 | JUDGE 6 | JUDGE 7 | TOTAL |
|---|---|---|---|---|---|---|---|
| 7.6 | 7.6 | ~~8.2~~ | 7.7 | ~~7.5~~ | 7.8 | 8.1 | **38.8** |

5.3.3 Bunkai are to be given equal importance as the Kata itself.

৫.৩.৩ Bunkai কে কাতার সমপরিমাণ গুরুত্ব দিতে হবে।

**5.4 Score levels**

**৫.৪ স্কোরের প্রদানের মাত্রা**

5.4.1 For the purpose of uniform application of the scale used in scoring the following guideline applies:

৫.৪.১ স্কোর প্রদানের সর্ব ক্ষেত্রে একই মানদণ্ড ব্যবহারের সুবিধার্থে নিম্নলিখিত দিকনির্দেশনা অনুসরন করতে হবেঃ

| | | |
|---|---|---|
| ➢ 10/১০ | Perfect/নিখুঁত | Perfection of performance/খুঁত বিহীন পারফর্মেন্স |
| ➢ 9 - 9.9/৯-৯.৯ | Excellent/অসাধারণ | World class medal competition/বিশ্বমানের প্রতিযোগীতায় পদকপ্রাপ্তির উপযুক্ত মান |
| ➢ 8 - 8.9/৮-৮.৯ | Very good/খুব ভালো | High level international competition/আন্তর্জাতিক প্রতিযোগীতার উচ্চমানের |
| ➢ 7 - 7.9/৭-৭.৯ | Good/ভালো | Expected level for international competition/আন্তর্জাতিক প্রতিযোগীতার আকাঙ্ক্ষিত মান |
| ➢ 6 - 6.9/৬-৬.৯ | Acceptable/গ্রহণযোগ্য | Performed without distinction/বিশেষ স্বাতন্ত্রবিহীন পারফর্মেন্স |
| ➢ 5-5.9/৫-৫.৯ | Insufficient/অপর্যাপ্ত | Performed with discrepancies/অসামঞ্জস্যপূর্ণ পারফর্মেন্স |
| ➢ 0 | Disqualified/ অযোগ্য | |

**5.5 Resolving ties**

**৫.৫ টাই-ব্রেক এর পদ্ধতি**

5.5.1 <u>Groups with 8 Competitors Elimination System</u>

Ties are resolved by the following steps to determine the winner:

1. The one having the highest score when including also the lowest score obtained in the performance between the two Competitors (Results given by 6 of the 7 Judges).
2. The one having the highest score including both the lowest and highest score obtained in the performance between the two Competitors (Results given by all 7 Judges).
3. Highest World Ranking at the date of the competition.
4. Coin toss (random selection).

৫.৫.১ <u>Elimination পদ্ধতিতে ৮ প্রতিযোগী বিশিষ্ট গ্রুপের ক্ষেত্রে</u>

বিজয়ী নির্ধারণের লক্ষ্যে নিম্ন লিখিত পর্যায়ক্রমিক পদ্ধতিতে টাই-ব্রেক করা হয়ে থাকেঃ

১। প্রাপ্ত স্কোরের সাথে উভয় প্রতিযোগীর সর্বনিম্ন প্রাপ্ত স্কোর যোগ করে সর্বোচ্চ নম্বর প্রাপ্তকে বিজয়ী ঘোষণা করা হবে (সাতজন জাজের ভেতর ছয় জনের নম্বর বিবেচিত হবে)।

২। প্রাপ্ত স্কোরের সাথে উভয় প্রতিযোগীর প্রাপ্ত সর্বোচ্চ এবং সর্বনিম্ন উভয় স্কোর যোগ করে সর্বোচ্চ নম্বর প্রাপ্তকে বিজয়ী ঘোষণা করা হবে (সাতজন জাজের ভেতর সাত জনের নম্বর বিবেচিত হবে)।

৩। প্রতিযোগীতার দিনের বিশ্ব র‍্যাংকিং এ যার অবস্থান উপরে।

৪। কয়েন টস করে।

5.5.2 <u>Groups with 4 Competitors Round-robin Elimination System</u>

1. Performance result between the pair of Competitors.
2. Number of total points for wins (each 3 points) points (Including all bouts in the group).
3. The one having the highest score when including also the lowest score obtained in the performance between the two Competitors (Results given by 6 of the 7 Judges).
4. The one having the highest score including both the lowest and highest score obtained in the performance between the two Competitors (Results given by all 7 Judges).
5. Highest World Ranking at the date of the competition.
6. Coin toss (random selection).

৫.৫.২ <u>রাউন্ড-রবিন পদ্ধতিতে ৮ প্রতিযোগী বিশিষ্ট গ্রুপের ক্ষেত্রে</u>

১। উভয় প্রতিযোগীর পরস্পরের সাথে প্রতিদ্বন্দ্বীতায় বিজয়ী প্রতিযোগী।

২। সব গুলো বাউট মিলিয়ে প্রাপ্ত মোট নম্বর ( প্রতিটি জয়ের বিপরীতে ৩ পয়েন্ট অর্জিত ধরতে হবে)

৩। প্রাপ্ত স্কোরের সাথে উভয় প্রতিযোগীর সর্বনিম্ন প্রাপ্ত স্কোর যোগ করে সর্বোচ্চ নম্বর প্রাপ্তকে বিজয়ী ঘোষণা করা হবে (সাতজন জাজের ভেতর ছয় জনের নম্বর বিবেচিত হবে)।

৪। প্রাপ্ত স্কোরের সাথে উভয় প্রতিযোগীর প্রাপ্ত সর্বোচ্চ এবং সর্বনিম্ন উভয় স্কোর যোগ করে সর্বোচ্চ নম্বর প্রাপ্তকে বিজয়ী ঘোষণা করা হবে (সাতজন জাজের ভেতর সাত জনের নম্বর বিবেচিত হবে)।

৫। প্রতিযোগীতার দিনের বিশ্ব র‍্যাংকিং এ যার অবস্থান উপরে।

৬। কয়েন টস করে।

5.5.3 <u>Two pool round-robin system:</u>

৫.৫.৩ দুই পুল বিশিষ্ট রাউন্ড-রবিন পদ্ধতি

According to rules for the individual event.

একক ইভেন্টের নিয়ম অনুসারে।

5.5.4 When resolving draws the Competitors original score is retained. Considerations of other scores for determining the winner between equally scoring Competitors does not change the official score.

৫.৫.৪ ড্র নিষ্পত্তির সময় প্রতিদ্বন্দ্বীদের মূল প্রাপ্ত নম্বর অপরিবর্তিত রাখা হয়। বিজয়ী নির্ধারণে ব্যবহৃত অন্যান্য স্কোর, অফিশিয়াল স্কোর শিটকে প্রভাবিত করবে না।

**5.6 Criteria for evaluation**

**৫.৬ মূল্যায়নের মানদণ্ড সমূহ**

| **Kata Performance** | **Bunkai Performance**<br>(Applicable to team performances for medals) |
|---|---|
| 1. Stances<br>2. Techniques<br>3. Transitional movements<br>4. Timing and synchronisation<br>5. Correct breathing<br>6. Focus (KIME)<br>7. Conformance: Consistence in the performance of the KIHON<br>8. Strength<br>9. Speed<br>10. Balance | 1. Stances<br>2. Techniques<br>3. Transitional movements<br>4. Timing & distance (Ma-Ai)<br>5. Control<br>6. Focus (KIME)<br>7. Conformance (to Kata): Using the actual movements as performed in the Kata.<br>8. Strength<br>9. Speed<br>10. Balance |
| **কাতার ক্ষেত্রে** | **বুনকাইয়ের ক্ষেত্রে** |
| ক) দাচী<br>খ) কাতায় ব্যবহৃত টেকনিকসমূহ<br>গ) অবস্থান পরিবর্তন পদ্ধতি<br>ঘ) সঠিক টাইমিং<br>ঙ) সঠিক শ্বাস নিয়ন্ত্রণ<br>চ) আঘাতের একাগ্রতা বা (KIME)<br>ছ) যে স্টাইল বা (Ryu-ha) এর কাতা করা হবে তার KIHON এ উক্ত স্টাইলের সঠিক প্রতিনিধিত্ব থাকতে হবে।<br>জ) শক্তিমত্তা<br>ঝ) ক্ষীপ্রতা<br>ঞ) শারীরিক ভারসাম্য | ক) দাচী<br>খ) কাতায় ব্যবহৃত টেকনিকসমূহ<br>গ) অবস্থান পরিবর্তন পদ্ধতি<br>ঘ) সঠিক টাইমিং ও দূরত্ব<br>ঙ) সঠিক শ্বাস নিয়ন্ত্রণ<br>চ) আঘাতের একাগ্রতা বা (KIME)<br>ছ) বুনকাইয়ে ক্ষেত্রে সামঞ্জস্যতা হলো কাতায় ব্যবহার করা টেকনিক দিয়ে Bunkai করা।<br>জ) শক্তিমত্তা<br>ঝ) ক্ষীপ্রতা<br>ঞ) শারীরিক ভারসাম্য |

## 5.7 Fouls
## ৫.৭ ফাউলসমূহ

The following fouls, if apparent, must be considered:
নিম্নলিখিত ফাউল সমূহ ঘটলে Judge গণ স্কোর প্রদনের সময় বিবেচনায় রাখবে :

1. Minor loss of balance.
১) হালকা ভারসাম্য নষ্ট হলে

2. Performing a movement in an incorrect or incomplete manner such as failure to fully execute a block or punching off target.
২) কোন টেকনিক ভূলভাবে বা অসম্পূর্ণভাবে প্রয়োগ করলে; যেমন অসম্পূর্ণভাবে ব্লক করলে বা পাঞ্চ সঠিক লক্ষ্যবস্তুতে আঘাত করতে ব্যর্থ হলে।

3. Asynchronous movements, such as delivering a technique before the body transition is completed, or in the case of team Kata; failing to do a movement in unison.
৩) অসমন্বিত টেকনিক হলে, যেমন: শরীর যাওয়ার আগেই কোন টেকনিক করে ফেললে বা টিম কাতার ক্ষেত্রে দলের সকল সদস্য একই তালে কাতা করতে ব্যর্থ হলে।

4. Use of audible cues (from any other person, including other team members) or theatrics such as stamping the feet, slapping the chest, arms, or Karategi, or inappropriate exhalation, must be considered very serious fouls by the Judges in their evaluation of the performance of the Kata – on the same level as one would penalize a temporary loss of balance.
৫) যদি কাতা করার সময় শ্রবণযোগ্য সংকেত দেয়া হয় (যেকোন ব্যক্তি দিলে বা দলের যেকোন সদস্য দিলে) বা নাটকীয় ভঙ্গিতে পা দিয়ে ম্যাটে আঘাত করা, বুকে, বাহুতে বা কারাতে গীতে চাপড় দেয়া, অপ্রয়োজনীয় বা অসঙ্গতভাবে শ্বাস ত্যাগ করা, ইত্যাদিকে খুব গুরুতর ফাউল হিসেবে ধরতে হবে এবং সাময়িক ভারসাম্য হারালে যে মাত্রায় ফাউল ধরতে হয় এগুলোকে একই মাত্রায় বিবেচনা করতে হবে।

5. Belt coming loose to the extent that it is coming off the hips during the performance.
৫) কাতা করার সময় বেল্ট এমনভাবে আলাদা হয়ে আসলে যাতে করে বেল্ট কোমর থেকে নিচে নেমে যায়।

6. Time wasting, including prolonged marching, excessive bowing or prolonged pause before starting the performance.
৭) সময়ক্ষেপন করা, যেমন: অতিরিক্ত সময় নিয়ে হেঁটে প্রবেশ করা, অতিরিক্ত সময় নিয়ে bow/Rai করা, কাতা শুরু করার আগে অতিরিক্ত বিরতি দিয়ে শুরু করা।

7. Causing injury by lack of controlled technique during Bunkai.
৭) Bunkai এর সময় অনিয়ন্ত্রিতভাবে আঘাত করে আহত করা।

8. Simulated unconsciousness for more than 2 seconds at the time as part of the Bunkai.
৮) বুনকাই প্রদর্শনের সময় মাটিতে পড়ে ২ সেকেন্ডের বেশী সময় অচেতন অবস্থার অভিনয় করলে।

## 5.8 Disqualification
## ৫.৮ অযোগ্যতা

A Competitor or a team of Competitors may be disqualified for any of the following reasons:
নিচের যে কোনো একটা কারণে কোন কাতা প্রতিযোগী অযোগ্য ঘোষিত হতে পারে :

1. Not announcing the kata, announcing the wrong kata – or performing another kata than pre-announced to the official table.
১) কাতার শুরুতে কাতার নাম বললে, কাতার নাম ভুল বললে, যে কাতা করার কথা অফিসিয়াল টেবিলে বলা হয়েছে তার থেকে ভিন্ন কাতা করলে, কাতার শুরুতে যে কাতার নাম বলা হয় তার থেকে ভিন্ন কাতা করলে।
2. Failing to bow at the beginning and completion of the Kata performance.
২) কাতার শুরুতে এবং শেষে bow/Rai না করলে।
3. Not starting the Kata facing the Judges.
৩) জাজদের মুখি না হয়ে কাতা করা শুরু করলে।
4. A distinct pause or stop in the performance.
৪) কাতার মাঝে স্পষ্টভাবে থেমে গেলে বা করা বন্ধ করলে।
5. Omitting or adding movements - or otherwise substantially change the performance from its original form.
৫) কাতার কোন অংশ বাদ পরে গেলে বা কোন বাড়তি অংশ যোগ করলে বা মুল কাতার কাঠামোর কোন গুরুতর পরিবর্তন ঘটালে।
6. A clear loss of balance causing a fall or recovery step.
৭) ব্যালেনস হারিয়ে পড়ে গেলে অথবা কাতার কোন ধাপ সংশোধন করে করলে।
7. Belt falling off during the performance.
৮) বেল্ট খুলে পরে গেলে
8. Exceeding the total time limit of 5 minutes duration for Kata and Bunkai.
৮) কাতা এবং Bunkai উভয়ে সম্মিলিতভাবে শেষ করতে ৫ মিনিটের বেশী সময় লাগলে।
9. Performing a scissor takedown technique to the neck area in Bunkai (Jodan Kani Basami)
৯) Bunkai করার সময় ঘাঁড়ে Jodan Kani Basami/ scissor takedown করলে।
10. Failure to follow the instructions of the Chief Judge or other misconduct (SHIKKAKU).
১০) Chief Judge এর আদেশ অমান্য করলে বা অন্যকোন প্রকার অসদাচরণ করলে।

## 5.9 Excessive celebration and political or religious demonstrations

5.9.1 Competitors are expected to respect the ceremony of salutations before and after the performance. Any excessive celebration, such as falling on one's knees etc., or political or religious expressions, during or immediately after the performance is, prohibited and will be subject to a fine equal to the amount determined by the EC for the protest fee. The Tatami Manager or Chief Referee will notify the official table.

৫.৯.১ অতি উদযাপন, রাজনৈতিক বা ধর্মীয় প্রদর্শনীঃ বাউট বা ম্যাচের শুরু এবং শেষের সময় প্রত্যেক প্রতিযোগীর কারাতের আনুষ্ঠানিক অভিবাদন পদ্ধতি অনুসরণ করতে হবে। বাউটের মাঝে বা বাউট শেষে তৎক্ষণাৎ অত্যাধিক উদযাপন যেমনঃ হাটু গেড়ে বসে বিজয় উদযাপন, রাজনৈতিক বা ধর্মীয় অভিব্যক্তির প্রকাশ, ইত্যাদি নিষিদ্ধ এবং নির্বাহী কমিটি ফাইন ফিসেবে প্রটেস্ট ফির সমপরিমান অর্থ আরোপ করতে পারবে।

## ARTICLE 6: OPERATION OF MATCHES অধ্যায় ৬ :ম্যাচ পরিচালনা

6.1 When deploying the Eight-Group Elimination System the Competitors, or teams, are assigned in groups of eight (or maximum 12) per competition area divided by two pools.

৬.১ ৮ গ্রুপ বিশিষ্ট Elimination পদ্ধতির প্রতিযোগীতায় প্রতিযোগীগন বা দলসমূহকে ৮জন/দল (সর্বোচ্চ ১২ জন) বিশিষ্ট গ্রুপে দুই পুলে ভাগ করা হয়।

6.2 When using the Four-Group Round Robin Elimination System the Competitors, or teams, are assigned in groups of four per competition area divided by two pools.

৬.২ ৪ গ্রুপ বিশিষ্ট রাউন্ড রবিন ইলিমিনেশন পদ্ধতিতে প্রতিযোগী বা দম সমুহকে ৪জন/দল বিশিষ্ট গ্রুপের দুই পুলে ভাগ করা হয়।

6.3 Before each round the Competitors or teams must submit their chosen Kata to the assigned Runners who will relay the information to the Software Technician of the electronic judging system. The sequence of performance within a group is randomly determined with the exception of any applicable seeding in the first round of elimination.

৬.৩ প্রতি বাউটের শুরুতে প্রতিযোগীরা বা দলেরা অবশ্যই রানার এর কাছে তাদের নির্ধারিত কাতার নাম জমা দিবে এবং রানার সমস্ত নামগুলো electronic judging system এর সফটওয়্যার অপারেটরের কাছে জমা দিবে। প্রতিযোগীদের কাতা করার ধারাক্রম দৈবনির্বাচনী পদ্ধতিতে নির্ধারিত হবে। তবে যদি elimination পদ্ধতি এর প্রথম রাউন্ডে seeding প্রক্রিয়া প্রযোজ্য হয় তবে সেক্ষেত্রে ব্যতিক্রম হবে।

6.4 At the start of each round the Competitors, or teams, will line up at the match area perimeter facing the Judges. (A round is to be understood as one performance of all the Competitors of a group.) Following the bows, initially “SHOMEN NI REI” - and subsequently; “OTAGAI NI REI”, the Competitors will then step back out of the Match Area.

৬.৪ প্রতি রাউন্ডের শুরুতে সকল প্রতিযোগী বা দল সমূহ ম্যাচ এরিয়ার প্রান্তভাগে ওঁফমব দের দিকে ফিরে সারিবদ্ধভাবে দাড়াঁবে ( রাউন্ড বলতে বুঝানো এমন প্রক্রিয়াকে বুঝায় যেক্ষেত্রে গ্রুপের প্রত্যেক প্রতিযোগী একটি করে ম্যাচে অংশগ্রহণ শেষ করে)। প্রথমে SHOMEN NI REI করতে হবে এবং তারপর OTAGAI NI REI করে ম্যাচ এরিয়া থেকে বের হয়ে যাবে।

6.5 When called, each Competitor – or team – will step up to the starting point for the Kata facing the Judges.

৬.৫ যখন ডাকা হবে তখন প্রত্যেক প্রতিযোগী বা দল কাতা শুরুর স্থানে এসে দাড়াঁবে।

6.6 The starting point for the performance is anywhere within the perimeter of the competition area.

৬.৬ কাতা শুরুর কোন নির্দিষ্ট স্থান নির্ধারিত নেই।ম্যাচ এরিয়ার যেকোন স্থান থেকে শুরু করা যেতে পারে।

6.7 After the bow the Competitor must announce clearly the name of the Kata that is to be performed and then start the performance.

৬.৮ REI করার পর প্রতিযোগীরা সুস্পষ্ট শব্দে কাতার নাম উচ্চারণ করবে এবং কাতা প্রদর্শন শুরু করবে।

6.8 At the end of the performance, which is defined as the final bow in the Kata, the Competitor(s) must wait for the announcement of the evaluation, bow, and then leave the Tatami.

৬.৮ কাতা প্রদর্শন শেষে, যা REI এর মাধ্যমে সমাপ্ত হবে, প্রতিযোগী ফল ঘোষণা করা পর্যন্ত একই স্থানে অপেক্ষা করবে এবং ফল ঘোষণার পর পূনরায় REI করে ম্যাট ত্যাগ করবে।

6.9 When using the Group of 8 Competitors Elimination System, at the end of each group all the Competitors of that group will line up - and the operator (speaker) will announce the top Competitors that will pass to the next round. The name of the top four will be shown on the monitor. The Competitors will then bow and leave the mat.

৬.৯ ৮ প্রতিযোগী বিশিষ্ট ইলিমিনেশন পদ্ধতির প্রতিযোগীতায়, একটি গ্রুপের সম্পূর্ণ প্রতিযোগীতা শেষ হলে ওই গ্রুপভূক্ত সকল প্রতিযোগী সারিবদ্ধভাবে দাড়াঁবে এবং সফটওয়্যার অপারেটর(ঘোষক) সর্বোচ্চ স্কোর প্রাপ্ত চারজন প্রতিযোগী বা দলের নাম ঘোষণা করবে যারা পরবর্তী রাউন্ডে যাবে। উক্ত চারজন প্রতিযোগীর নাম মনিটরে দেখানো হবে। এরপর প্রতিযোগীর জউও করে ম্যাট ত্যাগ করবে।

## ARTICLE 7: OFFICIAL PROTEST অধ্যায় ৭: আপত্তি উত্থাপন

**7. General provisions**

৭. সাধারণ প্রবিধান

7.1.1 No one may protest about a Judgement to the members of the Refereeing Panel.

৭.১.১ কেউ Judge দের প্রদত্ত সিদ্ধান্তের ব্যাপারে জাজ প্যানেলের কারো কাছে প্রটেস্ট করতে পারবে না।

7.1.2 If a Refereeing procedure appears to contravene the rules, the Competitor's Coach or his/herofficial representative are the only ones allowed to make a protest.

৭.১.৩ যদি বিচার প্রক্রিয়ার কোন বিষয় আইনের সাথে সাংঘর্ষিক হয় তাহলে কেবলমাত্র প্রতিযোগীর কোচ বা তার অফিসিয়াল প্রতিনিধি প্রটেস্ট জমা দিতে পারবে।

7.1.3 The protest will take the form of a written report submitted immediately after the performance in which the protest was generated. The sole exception is when the protest concerns an administrative malfunction.

৭.১.৩ প্রটেস্ট করতে হলে যে পারফরমেন্স সর্ম্পকে প্রটেস্ট করা হবে সেটা বাউট সমাপ্তির সাথে সাথেই লিখিত রির্পোট আকারে করতে হবে। একমাত্র ব্যতিক্রম হলো যদি প্রটেস্ট কোন প্রশাসনিক ত্রুটি নিয়ে করা হয়।

7.1.4 Any protest concerning application of the rules must not necessarily impede the progression of the competition and the intent to protest should be announced by the Coach or NF representative immediately after the end of the performance.

৭.১.৪ আইনের প্রয়োগ নিয়ে কোন প্রটেস্ট করা হলে প্রতিযোগীতা বন্ধ করে তা সমাধান করার প্রয়োজন নেই। পারফরমেন্স শেষের সাথে সাথেই কোচ বা ন্যাশনাল ফেডারেশনের প্রতিনিধিকে বিষয়টির ঘোষণা দিতে হবে।

7.1.5 The Coach / NF representative will request the official protest form [APPENDIX 3] from the Tatami Manager and will be expected to have it completed, signed, and delivered to the TatamiManager with the corresponding fee within 5 minutes after announcing the intent to protest.

৭.১.৫ কোচ বা ন্যাশনাল ফেডারেশনের প্রতিনিধি Tatami Manager এর নিকট হতে Protest From সংগ্রহ করবে এবং কালবিলম্ব না করে তা সঠিকভাবে পূরণ ও স্বাক্ষরিত করে Protest Fee সহ Tatami Manager এর নিকট জমা দিতে হবে।

7.1.6 Failure of a Coach / NF representative to deliver a protest in a timely manner can lead to its rejection if such delay, in the opinion of the Appeals Jury, is without reasonable justification and impedes the progression of the competition.

৭.১.৬ যদি কোচ বা প্রতিনিধি যথাসময়ে প্রটেষ্ট জমা দিতে ব্যর্থ হয় এবং আপীল জুড়িদের কাছে এধরনের বিলম্ব যদি যুক্তিসংগত মনে না হয় এবং এটি প্রতিযোগীতার স্বাভাবিক গতিকে ব্যাহত করেছে বলে মনে করে, তবে প্রটেষ্ট প্রত্যাখ্যাত হতে পারে।

7.1.7 The Tatami Manager will immediately add in the names of the officials and hand the completed protest form to a representative of the Appeals Jury. The Appeals Jury will without delay review the circumstances leading to the protested decision. Having considered all the facts available, they will produce a report, and shall be empowered to take such action as may be called for. The protest will be reviewed by the Appeals Jury and as part of this review, the Jury will study the evidence available in support of the protest.

৭.১.৭ Tatami Manager, প্রোটেস্ট সংশ্লিষ্ট বাউটের সাথে জড়িত অফিশিয়ালদের তথ্য সংযুক্ত করে তার কাছে জমাকৃত

প্রটেস্ট এর ফরম্যাট তৎক্ষনাৎ Appeal Jury এর একজন প্রতিনিধির কাছে হস্তান্তর করবে। Appeal Jury গণ তৎক্ষণাৎ যে বিষয়ে প্রটেস্ট হয়েছে তার সার্বিক কারণ পর্যালোচনা করবে। সববিষয় বিবেচনায় এনে Appeal Jury তাদের রিপোর্ট প্রস্তুত করবে Ok এধরনের প্রটেস্টের সমাধানে প্রয়োজনীয় যেকোন কিছু করার জন্য Appeal Jury এর ক্ষমতা প্রাপ্ত হয়ে থাকে। Appeal Jury গণ উপস্থাপিত প্রটেস্টটি পর্যালোচনা করবে এবং সে প্রক্রিয়ার অংশ হিসেবে যে সকল প্রমাণ/উপাত্ত পাওয়া যাচ্ছে তা মূল্যায়ন করবে।

7.1.8 The protest may also be directly decided and announced to the Appeals Jury by the RC Chairman or the Chief Referee of the event, in which case no payment of a protest fee will beapplicable.

৭.১.৮ রেফারী কমিশন চেয়ারম্যান বা চীফ রেফারীও সরাসরি Appeal Jury এর কাছে প্রটেষ্ট জ্ঞাপন করতে পারে। সেক্ষেত্রে কোন Protest Fee প্রযোজ্য হবে না।

7.1.9 In case of an administrative malfunction during a performance in progress, the Coach can notify the Tatami Manager directly. In turn, the Tatami Manager will notify the Chief Judge.

৭.১.৯ কোন প্রশাসনিক বিচ্যুতি পরিলক্ষিত হলে কোচ সরাসরি Tatami Manager কে জানাতে পারবে। Tatami Manager বিষয়টি প্রধান বিচারককে অবহিত করবে।

7.1.10 The protest must give the name and country of the Competitors, the Judges officiating, and the precise details of what is being protested. No general claims about overall standards will be accepted as a legitimate protest. The burden of proving the validity of the protest lies with the complainant. The protest must be submitted to a representative of the Appeals Jury by the Tatami Manager. In due course the Jury will review the circumstances leading to the protesteddecision.

৭.১.১০ প্রটেস্ট ফর্মে প্রতিযোগীদের নাম, বিচারক প্যানেলের নাম এবং সুনির্দিষ্টভাবে যে বিষয়ে প্রটেস্ট করা হচ্ছে তা উল্লেখ করতে হবে। বিচার ব্যবস্থার মান সংক্রান্ত গড়পড়তা প্রটেস্ট গ্রহণযোগ্য হবে না। Tatami Manager, প্রোটেস্ট সংশ্লিষ্ট বাউটের সাথে জড়িত অফিশিয়ালদের তথ্য সংযুক্ত করবে। বিচার ব্যবস্থার মান সংক্রান্ত গড়পড়তা প্রটেস্ট গ্রহণযোগ্য হবে না।প্রোটেস্ট এর বিষয়বস্তু প্রমানের দ্বায়িত্ব অভিযোগকারীর। Tatami Manager এর দ্বায়ীত্ব হলো প্রটেস্টটি আপীল জুরীর প্রতিনিধির নিকট হস্তান্তর করা। Appeal Jury গণ যথানিয়মে যে বিষয়ে প্রটেস্ট হয়েছে তার সার্বিক কারণ পর্যালোচনা করবে।

7.1.11 The protester must deposit a Protest Fee as agreed by the WKF EC, and this, together with theprotest must be lodged with the Tatami Manager who will turn it over to a representative of the Appeals Jury.

৭.১.১১ প্রটেস্টকারী অবশ্যই Tatami Manager এর নিকট প্রটেস্ট জমা কালে একই সাথে WKF EC নির্ধারিত হারে প্রটেস্ট ফি জমা দিবে যা Tatami Manager কতৃক আপিল জুরীর প্রতিনিধির নিকট হস্তান্তর করা হবে।

7.1.12 Any protest should be announced by the Coach or NF representative immediately after the end of the performance.

৭.১.১২ আপত্তি উত্থাপনের অভিপ্রায় থাকলে কোচ বা জাতীয় ফেডারেশনের প্রতিনিধিকে, পারফরমেন্স শেষ হবার, সাথে সাথেই ঘোষণা দিতে হবে।

7.1.13 The decision of the Appeals Jury is final and may only be overruled by a decision of the Executive Committee upon request of the WKF President.

৭.১.১৩ Appeal Jury দের সিদ্ধান্তই চূড়ান্ত এবং কেবলমাত্র WKF President এর অনুরাধে নির্বাহী কমিটির সিদ্ধান্তের মাধ্যমেই এটা বাতিল করা সম্ভব।

7.1.14 The Appeals Jury may not impose sanctions or penalties. Their function is to pass judgment onthe merit of the protest to start required actions from the RC and OC to take remedial action to rectify any Refereeing procedure found to contravene the rules.

৭.১.১৪ Appeal Jury কোন প্রকার নিষেধাজ্ঞা বা শাস্তি প্রয়োগে দায়িত্ব প্রাপ্ত নয়। তাদের দায়িত্ব হলোআলোকে তাদের রায় জানানো এবং RC এবং OC কে এধরনের ক্ষেত্রে রেফারীর কার্যক্রমে নিয়মভঙ্গের ব্যাপারে সংশোধনমূলক ব্যবস্থা নেয়ার জন্য তাগাদা দেয়া।

7.1.15 If the protest involves competitors in an ongoing category, then the next round that could involve the athlete must be postponed until the appeal is decided.

৭.১.১৬ চলমান ক্যাটেগরীর প্রতিযোগীদের সম্পৃক্ত করে কোন প্রটেস্ট উত্থাপিত হলে উক্ত আপীলের সমাধান না হওয়া পর্যন্ত উক্ত বাউটের প্রতিযোগীদের সাথে সংশ্লিষ্ট পরবর্তী রাউন্ডের খেলা স্থগিত থাকবে।

## 7.2 Composition of the Appeals Jury
## ৭.২ আপীল জুরির গঠন

7.2.1 The Appeals Jury is comprised of three Senior Referee representatives appointed by the Referee Commission (RC) or the Chief Referee. No two members may be appointed from the same National Federation. They will be numbered from 1 to 3.

৭.২.১ রেফারী কমিশন অথবা চিফ রেফারী কর্তৃক মনোনীত তিনজন জেষ্ঠ WKF রেফারী নিয়ে Appeal Jury গঠিত হবে। একই দেশের দুজন, Appeal Jury এর সদস্য হতে পারবে না। তারা ১-৩ এই ক্রমে চিহ্নিত হবে।

7.2.2 The RC will also appoint three additional members with designated numbering from 4 to 6 that automatically will replace any of the originally appointed Appeals Jury members in a conflict- of-interest situation. I.e., where the jury member is of the same nationality or have a family relationship by blood or as an In-Law with any of the parties involved in the protested incident, including all members of the Refereeing panel involved in the protested incident.

৭.২.২ রেফারী কমিশন অতিরিক্ত আরো তিনজন Appeal Jury এর মেম্বার মনোনয়ন দিয়ে রাখবে,যাদেরকে ৪ থেকে ৬ এই ক্রমানুসওে চিহিত করা হবে যারা মূল Appeal Jury দের প্রতিস্থাপন করতে ব্যবহৃত হবে যেক্ষেত্রে আপিল জুরীদের কারো সাথে আপিল সংশ্লিষ্ট কোন পক্ষের সাথে স্বার্থের সংঘাত হবার সম্ভাবনা তৈরী হয়। উদাহরন স্বরূপ যদি Appeal Jury দের কারো সাথে প্রটেস্ট করা পক্ষের কোন প্রকার সংশ্লিষ্টতা, যেমন: একই দেশ, আত্মীয়, বৈবাহিক সূত্রে আত্মীয় ইত্যাদি এমনকি উক্ত বাউটের Judging panel এর কারো সাথে Appeal Jury দের কারো উপরোল্লিখিত সর্ম্পক থাকলে সেক্ষেত্রেও অতিরিক্তদের মধ্য হতে প্রতিস্থাপন করা হবে।

## 7.3 Appeals Evaluation Process
## ৭.৩ আপীল মূল্যায়ন পদ্ধতি

7.3.1 It is the responsibility of the Tatami Manager receiving the protest to gather the Appeals Juryand deposit the protest sum with WKF for any declined protest.

৭.৩.১ আপিল পরবর্তীতে আপিল জুরীদের একত্রীত করার এবং প্রত্যাখ্যাত আপীলের আপিল ফি WKF এ জমা দেয়ার দ্বায়িত্ব হলো Tatami Manager এর।

7.3.2 The Appeals Jury will immediately make such inquiries and investigations, as they consider necessary to validate the merit of the protest.

৭.৩.২ প্রটেস্ট প্রাপ্ত হওয়ার সাথে সাথেই Appeal Jury উক্ত প্রটেস্ট এর সঠিকতা যাচাই এর জন্য প্রয়োজনীয় যাচাই-বাছাই ও তদন্ত করে ব্যবস্থা নিবে।

7.3.3 Each of the three members is obliged to give his/her verdict as to the validity of the protest. Abstentions are not acceptable.

৭.৩.৩ তিন সদস্যের Appeal Jury এর প্রত্যেক সদস্যই আলাদা আলাদাভাবে প্রটেস্টের গ্রহণযোগ্যতা সম্পর্কে তাদের মত প্রদান করবে। মত প্রকাশ থেকে বিরত থাকা যাবে না।

**7.4.1 Declined and accepted protests**

**৭.৪.১ অগ্রহনযোগ্য ও গ্রহনযোগ্য প্রটেস্ট**

7.4.1 If a protest is found invalid, the Appeals Jury will appoint one of its members to verbally notify the protester that the protest has been declined, mark the original document with the word "DECLINED", have it signed by each of the members of the Appeals Jury, and inform the protester of the decision.

৭.৪.১ যদি প্রটেস্ট অগ্রহণযোগ্য হয় তবে Appeal Jury গণ তাদের মাঝ থেকে যেকেন একজন সদস্যকে মনোনীত করবেন যিনি প্রটেস্টকারীকে মৌখিকভাবে জানিয়ে দিবে যে প্রটেস্ট গৃহীত হয়নি এবং মূল প্রটেস্টটি ফর্মটিতে লিখে দিবে DECLINED এবং সেখানে Appeal Jury এর প্রত্যেক সদস্য স্বাক্ষর করবে।

7.4.2 If a protest is accepted, the appeals Jury will liaise with the Organising Commission (OC) and Chief Referee to take such measures as can be practically carried out to remedy the situation including the possibilities of:
- Reversing previous judgments that contravene the rules
- Voiding results of the affected rounds from the point before the incident
- Redoing such performances that have been affected by the incident
- Issuing a recommendation to the RC for any involved Judges evaluated for sanction

৭.৪.২ প্রটেস্ট যদি গ্রহণযোগ্য হয় সেক্ষেত্রে Appeal Jury, অর্গানাইজিং কমিশন ও রেফারী/কমিশনের সাথে সমন্বয় করে বাস্তব সম্মত সমাধান নির্ধারণ করবে যার ভেতর নিম্নলিখিত সম্ভাবনা সমুহও অন্তর্ভুক্ত থাকতে পারে-

ক) আইন বহির্ভূত পূর্ববর্তী সিদ্ধান্ত উল্টে দেয়া

খ) আলোচ্য রাউন্ডে, উক্ত ঘটনা ঘটার আগের সকল ফলাফল বাতিল ঘোষণা করা

গ) উক্ত ঘটনার কারনে ক্ষতিগ্রস্থ বাউটটি পুনরায় অনুষ্ঠিত করা।

ঘ) রেফারী কমিশনের কাছে সংশ্লিষ্ট Judge দের ব্যাপারে নিষেধাজ্ঞা সুপারিশ করা।

7.4.3 The responsibility rests with the Appeals Jury to exercise restraint and sound judgment in taking actions that will disturb the program of the event in any significant manner. Reversing the process of the eliminations is a last option to secure a fair outcome.

৭.৪.৩ এটা আপিল জুরিদের দায়িত্ব যে তারা সুবিবেচনা প্রসূত ও ধীরস্থির সিদ্ধান্ত নিবেন যাতে করে ইভেন্টের সূচির গুরুতর কোন ব্যাঘাত না ঘটে। ন্যায় সঙ্গত ফলাফল নিশ্চিত করতে গিয়ে খেলার ফলাফল উল্টে দেয়াকে ধরতে হবে সর্বশেষ বিকল্প হিসেবে।

7.4.4 If the protest is accepted, the Appeals Jury will appoint one of its members who will verbally notify the protester that the protest has been accepted, mark the original document with the word "ACCEPTED", and have it signed by each of the members of the Appeals Jury, before depositing the protest with the Chief Referee, and returning the protest fee to the protester.

৭.৪.৪ Appeal Jury তাদের ভেতরের একজনকে মনোনীত করবে যিনি মৌখিকভাবে প্রটেস্টকারীকে জানাবে যে প্রটেস্টটি গৃহীত হয়েছে, মূল প্রটেস্ট ফর্মটিতে লিখে দিবেন "ACCEPTED" এবং তা Appeal Jury দের প্রত্যেক সদস্য কর্তৃক স্বাক্ষরিত হতে হবে। প্রটেস্ট ফর্মটি চীফ রেফারীর কাছে জমা দিতে হবে এবং Protest Fee প্রটেস্টকারীকে ফেরত দিবে।

## 7.5 Incident Report
## ৭.৫ প্রতিবেদন

7.5.1 After handling the incident in the above prescribed manner, the Appeals Jury will meet again and elaborate a simple protest incident report, describing their findings and state theirreason(s) for accepting or rejecting the protest.

৭.৫.১ উপরে বর্ণিত প্রক্রিয়া কার্য সম্পাদনের পর জুরি প্যানেল তদন্তে তাদের প্রাপ্তি এবং প্রটেস্টটি গৃহীত হওয়া বা না হওয়ার কারণ ব্যাখ্যাসহ পুরো বিষয়টি একটি রির্পোট আকারে সকল জুরির স্বাক্ষরসহ চীফ রেফারী এর নিকট জমা দিবে।

7.5.2 The report should be signed by all three members of the Appeals Jury and submitted to the Chief Referee and the Organising Commission.

৭.৫.২ রিপোর্টটি তিন সদস্যের জুরী প্যানেলের সকল সদস্য স্বাক্ষর করে চীফ রেফারী এবং অরগানাইজিং কমিশনের নিকট জমা দিবে।

## ARTICLE 8: LOCAL ADAPTATION OF RULES অধ্যায় ৮: স্থানীয় প্রতিযোগীতায় আইনের অভিযোজন

8.1 Local adaptations of the Kata rules are allowed for national competitions as long as these adaptations do not provide advantage or disadvantage for particular styles of karate.

৮.১ জাতীয় প্রতিযোগীতা সমূহে প্রয়োজনে এই কাতা প্রতিযোগীতার নিয়মাবলীর এমন অভিযোজন অনুমোদনযোগ্য যাতে কোন নির্দিষ্ট স্টাইল আলোচ্য অভিযোজনের কারনে অনুকুল সুবিধা বা বিরূপ অবস্থার মুখোমুখি না হয়।

## APPENDIX 1: OFFICIAL KATA LIST পরিশিষ্ট ১: অফিশিয়াল কাতা লিস্ট

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 1 | Anan | 35 | Jiin | 69 | Passai |
| 2 | Anan Dai | 36 | Jion | 70 | Pinan Shodan |
| 3 | Ananko | 37 | Jitte | 71 | Pinan Nidan |
| 4 | Aoyagi | 38 | Juroku | 72 | Pinan Sandan |
| 5 | Bassai | 39 | Kanchin | 73 | Pinan Yondan |
| 6 | Bassai Dai | 40 | Kanku Dai | 74 | Pinan Godan |
| 7 | Bassai Sho | 41 | Kanku Sho | 75 | Rohai |
| 8 | Chatanyara Kusanku | 42 | Kanshu | 76 | Saifa |
| 9 | Chibana No Kushanku | 43 | Kishimono No Kushanku | 77 | Sanchin |
| 10 | Chinte | 44 | Kousoukun | 78 | Sansai |
| 11 | Chinto | 45 | Kousoukun Dai | 79 | Sanseiru |
| 12 | Enpi | 46 | Kousoukun Sho | 80 | Sanseru |
| 13 | Fukyugata Ichi | 47 | Kururunfa | 81 | Seichin |
| 14 | Fukyugata Ni | 48 | Kusanku | 82 | Seienchin (Seiyunchin) |
| 15 | Gankaku | 49 | Kyan No Chinto | 83 | Seipai |
| 16 | Garyu | 50 | Kyan No Wanshu | 84 | Seiryu |
| 17 | Gekisai (Geksai) 1 | 51 | Matsukaze | 85 | Seishan |
| 18 | Gekisai (Geksai) 2 | 52 | Matsumura Bassai | 86 | Seisan (Sesan) |
| 19 | Gojushiho | 53 | Matsumura Rohai | 87 | Shiho Kousoukun |
| 20 | Gojushiho Dai | 54 | Meikyo | 88 | Shinpa |
| 21 | Gojushiho Sho | 55 | Myojo | 89 | Shinsei |
| 22 | Hakusho | 56 | Naifanchin Shodan | 90 | Shisochin |
| 23 | Hangetsu | 57 | Naifanchin Nidan | 91 | Sochin |
| 24 | Haufa (Haffa) | 58 | Naifanchin Sandan | 92 | Suparinpei |
| 25 | Heian Shodan | 59 | Naihanchi | 93 | Tekki Shodan |
| 26 | Heian Nidan | 60 | Nijushiho | 94 | Tekki Nidan |
| 27 | Heian Sandan | 61 | Nipaipo | 95 | Tekki Sandan |
| 28 | Heian Yondan | 62 | Niseishi | 96 | Tensho |
| 29 | Heian Godan | 63 | Ohan | 97 | Tomari Bassai |
| 30 | Heiku | 64 | Ohan Dai | 98 | Unshu |
| 31 | Ishimine Bassai | 65 | Oyadomari No Passai | 99 | Unsu |
| 32 | Itosu Rohai Shodan | 66 | Pachu | 100 | Useishi |
| 33 | Itosu Rohai Nidan | 67 | Paiku | 101 | Wankan |
| 34 | Itosu Rohai Sandan | 68 | Papuren | 102 | Wanshu |

In reporting the kata to be performed use the designated number. Should there be inconsistency between the number and the name of the kata, the number will be considered the reported kata to be performed.

কাতা পারফর্ম করার আগে কাতার ক্রমিক নম্বর জানিয়ে দিতে হবে। কাতার ক্রমিক নম্বর এবং কাতার নাম এই দুইয়ের মধ্যে কোন প্রকার অসঙ্গতি পরিলক্ষিত হলে অফিশিয়াল WKF কাতা লিস্ট অনুসারে নম্বরকেই অগ্রাধিকার দিতে হবে।

## APPENDIX 2: KATA COMPETITION CATEGORIES কাতা প্রতিযোগীতার বিভাগ সমূহ

Team Kata Senior Male
সিনিয়র পুরুষ দলগত কাতা

Team Kata Senior Female
সিনিয়র নারী দলগত কাতা

Team Kata Cadet and Junior Male
ক্যাডেট এবং জুনিয়র পুরুষ দলগত কাতা

Team Kata Cadet and Junior Female
ক্যাডেট এবং জুনিয়র নারী দলগত কাতা

Individual Kata Senior Male
সিনিয়র পুরুষ একক কাতা

Individual Kata Senior Female
সিনিয়র নারী একক কাতা

Individual Kata Junior Male
জুনিয়র পুরুষ একক কাতা

Individual Kata Junior Female
জুনিয়র নারী একক কাতা

Cadet Kata Male
ক্যাডেট বালক একক কাতা

Cadet Kata Female
ক্যাডেট বালিকা একক কাতা

# WKF OFFICIAL PROTEST FORM

## KATA

**The protest must be prepaid**

| DATE | COMPETITION | PLACE |
|---|---|---|
| ..... / ..... / ..... | | |

| NAME OF THE COMPETITOR | COUNTRY |
|---|---|
| | |

| PROTEST DESCRIPTION |
|---|
| |

**To be continued on the other side of this page**

| | | |
|---|---|---|
| **NAME** | | Valid as receipt by the WKF |
| **SIGNATURE** | | |

**FOR OFFICIAL USE ONLY**

| **TATAMI N°** | | | **TM Manager:** | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| **PANEL** | **Judge 1** | **Judge 2** | **Judge 3** | **Judge 4** | **Judge 5** | **Judge 6** | **Judge 7** |
| **NAME** | | | | | | | |
| **COUNTRY** | | | | | | | |